মুজিবনগর বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়ায় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের আনন্দ র্যালী

মেহেরপুরে মুজিবনগর বিশ্ববিদ্যালয় স্থাপন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেওয়ায় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে আনন্দ র্যালী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের নেতৃত্বে বুড়িপোতা মাধ্যমিক বিদ্যালয় এর মাঠ থেকে বাজনার তালে তালে গ্রাম বাসীদের নিয়ে এ আনন্দ মিছিল বের করা হয়।

এসময় আনন্দ মিছিলটি গোভীপুর হয়ে মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদের সামনে গিয়ে শেষ হয়।

এসময় আনন্দ র্যালীতে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য মিলন, ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য সানোয়ার হোসেন, ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য শরিফ, ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইমরান, ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য লাল্টু, ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য ওয়াশিম, ৭ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইসমাইল,৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য আলমগীর, ৯ নং ওয়ার্ডের ইউপি সদস্য সিদ্দিকুর রহমান, ও ৪, ৫, ৬ এর বর্তমান মহিলা মেম্বর আসমান আরা মিশ্রী, ও সাবেক ইউপি সদস্য আরজেনা খাতুন সহ ৮ নং ওর্য়াডের সাধারন সম্পাদক শাহিন, আনিসুর রহমান, রনি, ফুলচাদ, আনসার মোল্লা, শাহারুল সহ গোভীপুরের গ্রামবাসীরা।

মেহেরপুরে আউট অব স্কুল

চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম বিষয়ক অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম বিষয়ক অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মেহেরপুর জেলা প্রশাসন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহয্গেীতায় মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মশালার আয়োজন করে। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃতৌফিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রধান নির্বাহী মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম। মউকের প্রোগ্রাম অফিসার সাদ আহমেদ এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য দেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জান সেলিম। প্রবন্ধ উপস্থাপন করেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক কবির আহম্মদ মোল্যা। বক্তব্য দেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু।
মুক্ত আলোচনায় বক্তব্য দেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম,উপজেলা শিক্ষা কর্মকর্তা আপিল উদ্দিন,মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিন`র সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু,প্রধান শিক্ষক গোলাম ফারুক।
জেলার তিন উপজেলায় ২১০টি শিখন কেন্দ্রে ৬হাজার শিক্ষার্থীকে এ প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা প্রদান করা হবে।
কর্মশালায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিকরা অংশ নেন।

আলমডাঙ্গার জোড়গাছায় গৃহবধূকে ধর্ষণের চেষ্টা

আলমডাঙ্গার জোড়গাছা গ্রামে এক সন্তানের জননী কে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

গত ২৬ ডিসেম্বর দুপুর দুইটার দিকে গৃহবধূর ঘরে ঢুকে শ্লীলতাহানীর চেষ্টা করে। এ ব্যাপারে আলমডাঙ্গা থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদহ ইউনিয়নের জোড়গাছা গ্রামের ক্যানাল পাড়ার মিনাজ উদ্দিনের ছেলে সোনা মিয়া গত ২৬ ডিসেম্বর দুপুর ২ টার দিকে একই গ্রামের প্রতিবেশী এক সন্তানের জননী গৃহবধূর ঘরে ঢোকে।

এসময় গৃহবধূকে জোরপূর্বক ধর্ষণের চেষ্টা করে সে। তার চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসলে লম্পট সোনামিয়া পালিয়ে যায়।

এ ব্যাপারে ওই গৃহবধূ বাদী হয়ে আলমডাঙ্গা থানায় একটি অভিযোগ দায়ের করেছে। এ ব্যাপারে জোড়গাছা গ্রামের চায়ের দোকান থেকে শুরু করে সমস্ত মহলে আলোচনা সমালোচনার ঝড় বইছে। ধর্ষণের অপচেষ্টার শিকার গৃহবধূ সুষ্ঠু বিচার চেয়েছেন।

বামন্দি এলাকায় সিনজেনটা কোম্পানীর নকল পণ্যে প্রতারিত কৃষক

মেহেরপুরের বামন্দি এলাকায় সিনজেনটা কোম্পানীর নকল বালাইনাশক বিক্রি করায় প্রতারিত হচ্ছে চাষিরা। কিছু অসাধু ব্যবসায়ীরা নিজের স্বার্থসিদ্ধি হাসিল করার করার জন্য সিনজেনটার নকল পণ্য বাজারে সরবরাহ করছে। তবে সিনজেনটার মনোনীত বিক্রেতার কাছ থেকে পণ্য

কিনলে প্রতারিত হবে না চাষিরা। বলছে, কোম্পানীর প্রতিনিধিরা।

জানা গেছে, সিনজেনটা কোম্পানীর কৃষিতে ব্যবহৃত সকল প্রকার উৎপাদিত পণ্যের ব্যাপক চাহিদা চাষিদের কাছে। চাষিদের চাহিদা কে পুজিঁ করে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী সিনজেনটার নকল পণ্য বাজারে সরবরাহ করছে। নকল পণ্য গুলোর মোড়ক আসল পণ্যের মোড়কের মত দেখতে হওয়ায় সহজেই বুঝতে পারবে না চাষিরা। ফসলের ক্ষেতে ব্যবহার করে কোন ফল পাবে না তারা। যার ফলে নকল পণ্য কিনে প্রতারিত হচ্ছে চাষিরা। ব্যাহত হচ্ছে উৎপাদন। তবে চাষিদের এই ক্ষতির দায় নিতে চাই না কেউ।

বামন্দি গ্রামের চাষি আমজাদ হোসেন জানান, সিনজেনটার ভিরতাকো বিষে ধানের মাজরা পোকা দমনে ভালো কাজ করে কিন্তুু এবারে ধানের জমিতে দিয়ে পোকা দমনে কোন হয়নি। শুধু শুধু টাকা নষ্ট হয়েছে। ভিরতাকো নাই অন্য গুলোও নকল বের হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে বামন্দি বাজারের কয়েকজন কীটনাশক ব্যবসায়ী জানান, কুষ্টিয়া জেলার ধর্মদহ, নাটনাপাড়া, খলিশাকুন্ডি ও গাংনী উপজেলার হাড়াভাঙ্গা, বাদিয়াপাড়া এলাকার বেশ কয়েকজন বিভিন্ন এলাকা থেকে সিনজেনটার পণ্য এনে গোপনে কম মূল্যে বিক্রি করে যান। সে গুলো কোথা থেকে সংগ্রহ করে তা জানি না। তবে জেলার বাহিরে থেকে সংগ্রহ করে এ এলাকার সকল কীটনাশকের দোকানে সরবরাহ করে থাকে। কম দামে কিনে বিক্রি করলে লাভ ভালো হওয়ায় সিনজেনটার মনোনীত বিক্রেতার কাছ থেকে কোন খুরচা ব্যবসায়ী পণ্য ক্রয় করে না।

সিনজেনটা কোম্পানীর মার্কেটিং ইউনিট ম্যানেজার আল মুজাহিদ মৃদুল জানান, সিনজেনটার পণ্যর চাহিদা বেশি থাকায় কিছু অসাধু ব্যবসায়ীরা নকল পণ্য সংগ্রহ করে বাজারজাত করছে এতে চাষিরা প্রতারিত হচ্ছে। এসব অসাধু ব্যবসায়ীদের ধরতে কোম্পানীর পক্ষ থেকে আমরা কাজ করছি। তবে সিনজেনটার মনোনীত বিক্রেতার কাছ থেকে কোন পণ্য কিনলে চাষিরা প্রতারিত হবে না।

গাংনী উপজেলা কৃষি অফিসার কে. এম শাহাবুদ্দিন আহমেদ জানান, চাষিদের চাহিদার উপর নির্ভর করে অনেকে নকল পণ্য বাজারে সরবরাহ করে থাকে। এতে চাষিরা ক্ষতিগ্রস্থ হয়। কৃষি বিভাগের পক্ষ থেকে আমরা তদরকি করছি। কোন অসাধু ব্যবসায়ী নকল পণ্য বিক্রি করে সেটি জানতে পারলে বা ধরা পড়লে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের

পাশাপাশি তার বিরুদ্ধে মামলা দায়ের করে তার লাইসেন্স বাতিল করা হবে। কৃষকের সাথে প্রতারণা কোন ভাবেই মেনে নেওয়া যাবে না।

কালীগঞ্জে পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় কাভার্ডভ্যানের ধাক্কায় ইকবাল হোসেন (৩৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

গতকাল বুধবার দুপুরে যশোর-ঝিনাইদহ মহাসড়কের বারোবাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহা: মাহফুজুর রহমান জানান, ইকবাল মোটরসাইকেল নিয়ে যশোরে যাচ্ছিলেন। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মুরগি বোঝায় কাভার্ডভ্যান তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে রাস্তার পাশে ছিটকে পড়ে ঘটনাস্থলেই ইকবাল মারা যান। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এদিকে, ঝিনাইদহ সদর উপজেলার গান্না বাজার এলাকায় সড়ক দুর্ঘটনায় ইমদাদুল হক (৩২) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইমদাদুল হক কালীগঞ্জ উপজেলার মথুরাপুর গ্রামের আশাদুল ইসলামের ছেলে। সে চুয়াডাঙ্গায় ব্যাংক এশিয়ার মার্কেটিং অফিসার পদে কর্মরত ছিলেন।

কালীগঞ্জ থানার এসআই আবুল খায়ের জানান, গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে চুয়াডাঙ্গা থেকে মোটরসাইকেলে করে নিজ বাড়ি মথুরাপুরে ফিরছিলেন ইমদাদুল হক। পথমধ্যে সদর উপজেলার গান্না বাজার এলাকায় পৌঁছালে একটি ভ্যানের সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যান।

এরপর কালীগঞ্জগামী একটি সবজি বোঝায় ট্রাক তার কোমরের উপর দিয়ে

চলে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

পৌরসভা উন্নয়ন ও জলাবদ্ধতা নিরাসনে আলমডাঙ্গায় একযোগে ৩৩ টি রাস্তা ও ড্রেন নির্মাণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা-১ আসনের এমপি সোলায়মান হক জোয়ার্দার সেলুন এ নির্মিত প্রকল্পের রাস্তা ও ড্রেন নির্মাণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সর্ববৃহৎ আলমডাঙ্গা পৌরসভার গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ১১ টি প্যাকেজের অনুকুলে ৩৩টি প্রকল্পের কাজ এক যোগে সমাপ্ত হবে।
উদ্বোধন অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে সেলুন জোয়াদ্দার বলেন, করোনা মহামারীর কারণে আলমডাঙ্গা পৌরসভার উন্নয়নে ব্যাপক বাঁধার সম্মুখীন হয়েছে।

এই কারণে পৌর এলাকাবাসীকে সাময়িক দুর্ভোগের সম্মুখীন হতে হয়েছে। বর্তমান সরকার উন্নয়ন মুখী সরকার। এ সরকারের আমলে আলমডাঙ্গা উপজেলায় ২ শত ৯২ কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে। প্রত্যন্ত অঞ্চলে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন হয়েছে। সরকার দেশে বড় বড় মেগা প্রকল্পের কাজ চলমান রেখেছে। তিনি আরও বলেন, মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাপের বেটি, তিনি নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু, চট্টগামে কর্ণফুলি টানেল, ফ্লাইওভার ব্রিজ, ঢাকা এক্সপ্রেস ওয়ে, মেট্রো-রেলসহ বিভিন্ন প্রকল্প বাস্থবায়ন করে দেখিয়ে দিলেন আমরাও পারি।

এ ছাড়াও অসংখ্য উন্নয়ন কাজ চলমান রেখেছেন। তিনি আরো বলেন,

আলমডাঙ্গা পৌরসভার ১১ টি প্যাকেজের অনুকুলে ৩৩ টি প্রকল্পের প্রতিটি কাজ স্থানীয়রা দেখে ও বুঝে নিবেন। মনে রাখবেন এই টাকা আপনার আমার ট্যাক্সের টাকায় নির্মিত হচ্ছে। তাই এই কাজ আপনারা শিডিউল অনুযায়ী কাজ গুলি আপনারা বুঝে নিবেন। ঠিকাদারি প্রতিষ্ঠানের কেউ শিডিউল না দেখাতে কিংবা পৌরসভার সাথে জড়িত ব্যক্তিরা হুমকি দিলে আমাকে জানাবেন। সাংবাদিক ভাইদের বলছি, আপনাদেরও দায়িত্ব আছে, আপনারা দেখবেন, কাজে কোন অনিয়ম করলে আপনাদের কলম যেন বন্ধ না হয়।

প্রতিটা উন্নয়নের কাজে ব্যবহৃত টাকা প্রত্যেকটি সাধারণ মানুষের। যদি রাস্তা বা ড্রেন নির্মাণ বুঝে না নেন তাহলে নিজেদের ভোগান্তি নিজেরাই ডেকে আনবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা প্রকৌশলী এলজিইডি আব্দুর রশিদ, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, যুগ্ম সাধারণ সম্পাদক কাজী রবিউল হক, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, হামিদুল ইসলাম, আমিরুল ইসলাম মন্টু।

ছাত্রলীগ নেতা মামুনের উপস্থাপনায় বক্তব্য রাখেন পৌর কাউন্সিলর আব্দুল গাফ্ফার, মামুন অর রশিদ হাসান, মতিয়ার রহমান বাবু মুন্সি। এ ছাড়াও উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মুছা,সম্পাদক সিরাজুল ইসলাম,পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, রেজাউল হক তবা, ৯নং ওয়াড আওয়ামী লীগের সভাপতি সহিদুল হক মোল্লা, টিংকু মোল্লা, পৌর আওয়ামী লীগের সকল ওয়ার্ডের সভাপতি, সম্পাদক, সকল কাউন্সিলর বৃন্দ।

আ.লীগ প্রার্থী শাহাজানের মনোনয়ন ফরম জমা

আসন্ন ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে মেয়র পদে আ.লীগের মনোনীত দলীয় প্রার্থী শাহাজান আলী মনোনয়ন ফরম জমা দিয়েছেন।

গতকাল বুধবার বিকালে উপজেলা নির্বাচন অফিসে আ.লীগের দলীয় প্রার্থী হিসেবে উপজেলা নির্বাচন অফিসার মোঃ ওয়াহিদ মুরাদের উপস্থিতিতে জেলা রিটার্নিং কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান এর নিকট এই মনোনয়ন ফরম জমা দেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেতা কাজী আলমগীর, সাবেক উপজেলা যুবলীগ সভাপতি মীর কাশেম আলী প্রমুখ।

এর আগে ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চলের নের্তৃত্বে আ.লীগের সকল পর্যায়ের নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে একটি শোডাউন শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে উপস্থিত হয়।

এসময় নৌকার শ্লোগান দিতে থাকেন শত শত নেতা-কর্মী। নানা গুঞ্জন ও জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে গেল শনিবার (২৬ডিসেম্বর) রাত ৮টায় গণভবনে মনোনয়ন বোর্ডের সিদ্ধান্তে শাহাজান আলীকে নৌকার প্রার্থী হিসেবে ঘোষণা দেওয়া হয়।

হরিণাকুণ্ডুু পৌর নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর মনোনয়নপত্র জমা

৩য় ধাপের পৌরসভা নির্বাচনে ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী ফারুক হোসেন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গতকাল বুধবার দুপুরে উপজেলার সহকারী রির্টানিং কর্মকর্তা নুরু উল্লাহ’র হাতে তিনি দলীয় মনোনয়ন জমা দেন।

এসময় উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন, সংসদ সদস্য’র

প্রতিনিধি রওশন আলী, পৌর আওয়ামী লীগের সভাপতি খায়রুল ইসলাম, আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যান গোলাম মোস্তফা, নাজমুল হুদা পলাশ, শরাফত দৌলা ঝন্টু, মোহাম্মদ আলীসহ উপজেলা ও পৌর আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সহকারী রির্টানিং কর্মকর্তা নুরু উল্লাহ জানান, আগামী ৩০ জানুয়ারি হরিণাকুন্ডু পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামীকাল ৩১ ডিসেম্বর মনোনয়নপত্র জমাদানের শেষ তারিখ। দুপুর পর্যন্ত মেয়র পদে প্রার্থী ফারুক হোসেন ও কাউন্সিলর পদে ৭ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

ঝিনাইদহে দুরন্ত প্রকাশের সম্পাদক মিরাজের উপর হামলা মামলার রায়, দু’জনের কারাদণ্ড

দুরন্ত প্রকাশের সম্পাদক রাষ্ট্রপতি পদক প্রাপ্ত মিরাজ জামান রাজ’র উপর ২০১৮ সালে হামলার ঘটনায় আসামি মিজানুর রহমান ওরফে বালতি মিজান ও মানিকের তিন মাসের কারাদণ্ড দিয়েছে ঝিনাইদহের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত।

শেরে বাংলা সড়কস্থ দুরন্ত প্রকাশের সাবেক কার্যালয় সেবা ভবনের জায়গা দখলকে কেন্দ্র করে ২০১৮ সালে ৩১ মার্চ মিরাজ জামান রাজ’র উপর উপর্যুপরি হামলা চালায় ঝিনাইদহের ছোট কামারকুন্ড নিবাসী হাসেম আলীর ছেলে তাজ গ্লাস হাউজের মালিক মোঃ মিজানুর রহমান ওরফে বালতি মিজান ও তার কর্মচারী কাঞ্চনপুর নিবাসী নজরুল হেলপারের ছেলে মানিক।

সেই ঘটনায় মিরাজ জামান নিজে বাদী হয়ে ঐ বছরের এপ্রিলে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতে একটি মামলা দায়ের করেন। যার নং সিআর-৩৪৩/১৮। দীর্ঘ আড়াই বছর বিচার কার্য পরিচালনার পর গত ২৯ নভেম্বর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট ১ম আদালতের বিচারক গৌতম কুমার ঘোষ এ রায় প্রদান করেন। মামলার রায়ে দেখা যায় আসামী মিজান

ও মানিককে পলাতক হিসেবে দোষী সাব্যস্ত করে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছেন এবং ওয়ারেন্ট ইস্যুর জন্য আদেশ দিয়েছেন।

এ বিষয়ে মামলার বাদী মিরাজ জামান রাজের কাছে জানতে চাইলে তিনি বলেন, আদালতের আদেশে আমি সন্তুষ্ট নই। তবুও আদালতের প্রতি আমার সম্মান আছে।

মিরাজ জামান রাজের পক্ষে মামলাটি পরিচালনা করেন ঝিনাইদহ আদালতের সিনিয়র আইনজীবী এ্যাড. সাদাতুর রহমান হাদী। মামলা বিষয়ে তার কাছে জানতে চাইলে তিনি জানান দীর্ঘ দিন বিচারকার্য শেষে আদালত যে রায় দিয়েছে তাতে নিরপরাধ একজন সমাজসেবীর উপর নিষ্ঠুর হামলার নায্য বিচার হয়নি।

আমি বাদীর নিয়োজিত এ্যাডভোকেট হিসেবে এই রায়ে খুশি নই। অপরাধের তুলনায় আসামীর শাস্তি কম হয়েছে। মিরাজ জামান রাজ আসামীদের দ্রুত গ্রেফতার করে জেল হাজতে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ করেছেন।

ঝিনাইদহে সুফিয়া-কাশেম ফাউন্ডেশনের উদ্যোগে খাদ্যসামগ্রী বিতরণ

ঝিনাইদহে অসহায় ও দুস্থ ৪’শ পরিবারের মাঝে চাউল বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার সকালে শহরের আরাপপুর এলাকায় সুফিয়া কাশেম ফাউন্ডেশনের পক্ষ থেকে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের চেয়ারম্যান লাভলী হাসান, পরিচালক মঞ্জুর হাসান মাসুদ, অর্নব ইবনে হাসান ফারুক হোসেনসহ অন্যান্যরা।

এ সময় আগতদের ২০ কেজি করে চাউল দেওয়া হয়। করোনাকালে এ সহযোগিতা পেয়ে খুশি হতদরিদ্র পরিবার গুলো। ইতোপূর্বেও ফাউন্ডেশনের পক্ষ থেকে ন্মিন আয়ের মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছিল।